প্রকাশ পেল খালিদ মোশারফের বই ‘শিক্ষক, শিক্ষা ও প্রজন্ম’

প্রকাশিত হল মেহেরপুরের তরুণ লেখক খালিদ মোশারফের রচিত বই-‘শিক্ষক শিক্ষা ও প্রজন্ম’ । উল্লেখ্য খালিদ মোশারফ আইইআর, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তণ শিক্ষার্থী। ‘শিক্ষক শিক্ষা ও প্রজন্ম’ বইটি খালিদ মোশারফের প্রকাশিত চতুর্থ বই। ইতিপূর্বে খালিদ মোশারফের শিক্ষা নিয়ে ’শিক্ষা ও শিক্ষক’ আরেকটি প্রবন্ধ গন্থ প্রকাশিত হয়েছে। দুইটি বই রকমারিসহ অন্যান্য অনলাইন দোকানে পাওয়া যাবে।

’শিক্ষক, শিক্ষা ও প্রজন্ম’ বইটি মূলত বিস্তৃত ক্যানভাসে শিক্ষা নিয়ে একটি গভীর অনুসন্ধানমূলক পদচারণা।’বইটিতে একদিকে যেমন বিদ্যালয় পরিচালনার আধুনিক রূপরেখা ও দায়বদ্ধতার কথা বলা হয়েছে, অন্যদিকে তুলে ধরা হয়েছে আলোকিত মানুষ গড়ার নেপথ্যে থাকা শিক্ষকদের শিক্ষাকর্ম।।

বইটির অন্যতম প্রধান একটি আকর্ষণ হলো বাংলা সিনেমায় শিক্ষক ও শিক্ষার্থীর সম্পর্কের সমাজতাত্ত্বিক ও মনস্তাত্ত্বিক পর্যালোচনা। আমাদের দেশীয় পরিচালকরা ক্যামেরার লেন্সের ভেতর দিয়ে কীভাবে শিক্ষাগুরু, শিষ্য এবং বিদ্যাপীঠের পরিবেশকে তুলে ধরেছেন, তা আমাদের সামাজিক বিবর্তনেরই এক প্রামাণ্য দলিল। এই দেশজ প্রেক্ষাপটের পাশাপাশি বইটিতে যুক্ত করা হয়েছে বিশ্ববিখ্যাত সিনেমাগুলোতে শিক্ষক, শিক্ষার্থী ও ক্লাসরুমের চিত্রায়ন নিয়ে একটি স্বতন্ত্র অধ্যায়। এর ফলে পাঠক খুব সহজেই দেশীয় সীমানা পেরিয়ে বৈশ্বিক শিক্ষাদর্শন ও শ্রেণিকক্ষের এক তুলনামূলক চিত্র পেয়ে যাবেন।

সিনেমা যেমন দৃশ্যের ভাষায় কথা বলে, সাহিত্য তেমনি শব্দের মায়াজালে সমাজ বাস্তবতাকে তুলে ধরে। বাংলা গল্প ও উপন্যাসে শিক্ষক, শিক্ষার্থী এবং ক্লাসরুম কীভাবে চিত্রিত হয়েছে, তা নিয়ে এই গ্রন্থে রয়েছে একটি গভীর অনুসন্ধানমূলক পাঠ। বাংলা সাহিত্যের পাতায় আধুনিক শিক্ষক ও শিক্ষার্থীর সমাজতাত্ত্বিক ও মনস্তাত্ত্বিক এই রূপরেখা পাঠকের সামনে নতুন ভাবনার দুয়ার উন্মোচন করবে।

বাঙালি জীবনে শিক্ষা নিয়ে আলোচনা হবে, অথচ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের প্রসঙ্গ আসবে না, তা তো কল্পনাই করা যায় না। প্রাতিষ্ঠানিক শিক্ষার চার দেয়াল ভেঙে প্রকৃতির কোলে মুক্ত শিক্ষার যে স্বপ্ন রবীন্দ্রনাথ দেখেছিলেন, তা আজও সমান প্রাসঙ্গিক। বইটিতে রবীন্দ্রনাথের শিক্ষাদর্শন এবং তাঁর গল্প-প্রবন্ধে শিক্ষক-শিক্ষার্থীর রূপায়ণ নিয়ে পর্যালোচনা করা হয়েছে।

এছাড়াও, আগ্রহী পাঠকদের জ্ঞানতৃষ্ণা মেটাতে বইটিতে সংযোজন করা হয়েছে শিক্ষা বিষয়ক বিখ্যাত বেশ কিছু বইয়ের একটি সমৃদ্ধ তালিকা। সাথে রয়েছে সমকালীন ও চিরায়ত নানা প্রেক্ষিত নিয়ে শিক্ষা বিষয়ক আরও কিছু প্রবন্ধ, যা বইটির বিষয়বস্তুকে করেছে আরও পূর্ণাঙ্গ।

পরিশেষে বলা যায়, এই বইটি কেবল শিক্ষক, শিক্ষার্থী বা গবেষকদের জন্য নয়; বরং সাহিত্যপ্রেমী, সিনেমাপ্রিয় এবং শিক্ষানুরাগী—সবার জন্যই এক অমূল্য সংগ্রহ। ক্লাসরুমের ভেতরের এবং বাইরের এই বিস্তীর্ণ জগতকে নিয়ে আমাদের এই বিশ্লেষণমূলক যাত্রা পাঠকের মনোজগতে নতুন আলোড়ন সৃষ্টি করবে এবং শিক্ষাকে এক নতুন দৃষ্টিকোণ থেকে দেখতে সাহায্য করবে—এটাই একান্ত প্রত্যাশা।

মেহেরপুরে পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরে জেলা পুলিশের মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সকাল ১০টায় পুলিশ লাইন্স ড্রিল শেডে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়। সভায় জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের সদস্যরা তাদের সমস্যার কথা তুলে ধরেন। পুলিশ সুপার তাৎক্ষণিকভাবে কিছু সমস্যার সমাধান করেন এবং অন্যান্য বিষয় দ্রুত সমাধানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

সভায় অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোঃ জামিনুর

রহমান খান, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) মোঃ মেহেদি হাসান দিপুসহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা, কর্মচারী ও সিভিল স্টাফরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে শব্দ দূষণবিরোধী অভিযানে ৫ যানবাহনকে জরিমানা

জাতীয় শব্দ সচেতনতা দিবস উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার পাসপোর্ট অফিসের সামনে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

মঙ্গলবার শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২৫ অনুযায়ী এ অভিযান পরিচালিত হয়।

অভিযানকালে শব্দ দূষণ নিয়ন্ত্রণে নির্ধারিত বিধি অমান্য করার প্রমাণ পাওয়া গেলে ৬(২) বিধি লঙ্ঘনের দায়ে ১৯ বিধি অনুযায়ী ৫টি যানবাহনকে মোট ৪ হাজার টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

মেহেরপুরে বাজার মনিটরিং অভিযান, ৩ প্রতিষ্ঠানে জরিমানা

মেহেরপুরের বড়বাজারে বাজার মনিটরিং টাস্কফোর্সের অভিযান চালিয়ে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে তিনটি ব্যবসা প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার জেলা প্রশাসনের নেতৃত্বে পরিচালিত এ অভিযানে পুলিশ, ব্যাটালিয়ন আনসার, কৃষি বিপণন অধিদপ্তর, কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) এবং স্যানিটারি ইন্সপেক্টর অংশগ্রহণ করেন।

অভিযানকালে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে ক্রয়-বিক্রয়ের পাকা ভাউচার সংরক্ষণ এবং পণ্যের মূল্য তালিকা প্রদর্শনের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এ সময় মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে তিনটি ব্যবসা প্রতিষ্ঠানকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৮ ধারা এবং কৃষি বিপণন আইন, ২০১৮-এর ১৯(১)(ঙ) ধারায় তিনটি পৃথক মামলায় মোট ২ হাজার টাকা জরিমানা করা হয়।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানায়, ভোক্তার অধিকার নিশ্চিত ও বাজারে স্বচ্ছতা বজায় রাখতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

মেহেরপুরে ইটভাটায় অবৈধভাবে কাঠ ব্যবহার, ৩ লাখ টাকা জরিমানা

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের বারাকপুর এলাকায় অবস্থিত আলিফ ব্রিক্স নামক একটি ইটভাটায় মোবাইল কোর্ট পরিচালনা করে ৩ লাখ টাকা জরিমানা করা হয়েছে। একই সঙ্গে ভাটাটি তাৎক্ষণিকভাবে বন্ধ করে দেওয়া হয়েছে।

মঙ্গলবার জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবীর আনসারীর নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে দেখা যায়, ইট প্রস্তুতের জন্য জ্বালানি হিসেবে অবৈধভাবে কাঠ ব্যবহার করা হচ্ছে, যা ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩-এর সরাসরি লঙ্ঘন।

এ অপরাধে ভাটা কর্তৃপক্ষকে ৩ লাখ টাকা অর্থদণ্ড প্রদান করা হয় এবং পরিবেশ রক্ষায় ভাটাটি তাৎক্ষণিকভাবে বন্ধ করে দেওয়া হয়।

মেহেরপুরে আন্তর্জাতিক শব্দ সচেতনতা দিবস পালিত

মেহেরপুরে আন্তর্জাতিক শব্দ সচেতনতা দিবস পালিত হয়েছে। দিবস উপলক্ষে মেহেরপুরে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

বুধবার (২৯ এপ্রিল) সকালে মেহেরপুর শিল্পকলা একাডেমি প্রাঙ্গণ থেকে একটি র্যালি বের হয়ে জেলা পরিষদ পর্যন্ত প্রদক্ষিণ করে। পরে সকাল সাড়ে ১০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

“আর নয় শব্দদূষণ, চাই সুস্থ জীবন” প্রতিপাদ্যকে সামনে রেখে আয়োজিত এ আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট শিল্পী রানী রায়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ আতিকুল হক, সিভিল সার্জন ডা. এ কে এম আর সাইফ এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম। আলোচনা সভায় বক্তারা বলেন, অতিরিক্ত শব্দ মানুষের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর। তাই শব্দদূষণ নিয়ন্ত্রণে সবাইকে সচেতন হতে হবে।

অনুষ্ঠানে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তা, শিক্ষার্থী ও সচেতন নাগরিকরা অংশগ্রহণ করেন।

মেহেরপুর প্রেস ক্লাবের নির্বাচন স্থগিত

তফসিলে নির্ধারিত দিনে কোন প্রার্থী মনোনয়ন পত্র সংগ্রহ না করায় মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন স্থগিত করা হয়েছে।গতকাল মঙ্গলবার মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনারসহ নির্বাচন কমিশন এ নির্বাচন

স্থগিত করে।

স্থগিতাদেশে বলা হয়েছে, মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের তফসিল অনুযায়ী নির্ধারিত দিন মনোনয়ন পত্র বিক্রয় না হওয়ায় তফসিলের অন্যান্য কার্যক্রম স্থগিত করা হয়েছে।

উল্লেখ্য, আগামী ১০ মে মেহেরপুর প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনে ভোট গ্রহণের দিন ধার্য ছিলো। তফসিল অনুযায়ি ২৫ এপ্রিল খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়। চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হয় ২৭ এপ্রিল। গতকাল ২৮ এপ্রিল ছিলো মনোনয়নপত্র বিক্রয়।

আজ ২৯ এপ্রিল ছিলো মনোনয়ন পত্র দাখিলের দিন। ২ মে ছিলো খসড়া প্রার্থী তালিকা ও ৫ মে ছিলো চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ।

এদিকে, এনপিবি নিউজ ও বাংলা ট্রিবিউনের মেহেরপুর প্রতিনিধি আবু আক্তার করণের সদস্য পদ ফিরিয়ে না দেওয়ায় প্রধান নির্বাচন কমিশনারকে আইনগত নোটিশ পাঠিয়েছেন তিনি।
আবু আক্তার করণের আইনজীবী সেলিম রেজা কল্লোল প্রধান নির্বাচন কমিশনারকে ৩দিনের মধ্যে সদস্যপদ পুন:বহাল করার জন্য বলা হয়েছে। অন্যথায় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আইনগত নোটিশে জানানো হয়েছে।

মেহেরপুরে ঘুমন্ত মানুষের ঘরে ঢুকে পড়লো মাদকবাহী মাইক্রোবাস

মেহেরপুর সদর উপজেলার সীমান্তবর্তী তেরঘরিয়া গ্রামে নিয়ন্ত্রণ হারিয়ে একটি দ্রুতগতির মাইক্রোবাস ঘুমন্ত মানুষের ঘরের দেওয়াল ভেঙে ভেতরে ঢুকে পড়েছে।

এ ঘটনায় ঘরের দেওয়াল চাপা পড়ে আরশাদ আলী নামের এক ব্যক্তি আহত হয়েছেন। ঘটনাস্থল থেকে দেড় কেজি গাঁজাসহ অনিক হোসেন বিপ্লব

নামের এক মাদক কারবারিকে আটক করেছে পুলিশ।

বুধবার (২৯ এপ্রিল) ভোর পাঁচটার দিকে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, তেরঘরিয়া গ্রামের সড়কের পাশেই আরশাদ আলীর বাড়ি। ভোরে যখন বাড়ির সবাই ঘুমিয়ে ছিলেন, তখন দ্রুতগতির একটি মাইক্রোবাস নিয়ন্ত্রণ হারিয়ে সজোরে তার ঘরে আঘাত করে।

এতে ইটের দেওয়াল ভেঙে পড়ে ঘরের মালিক আরশাদ আলী আহত হন। ধাক্কা দেওয়ার পর মাইক্রোবাসটি রাস্তার ওপর উল্টে যায়।

বিকট শব্দ শুনে আশপাশের লোকজন দ্রুত ঘটনাস্থলে ছুটে আসেন। তারা দেখতে পান মাইক্রোবাসটির ভেতরে গাঁজা রয়েছে। এ সময় স্থানীয় জনতা মাইক্রোবাসের চালক অনিক হোসেন বিপ্লবকে আটকে রাখেন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে স্থানীয়রা তাকে পুলিশের হাতে সোপর্দ করেন। আহত আরশাদ আলীকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

মেহেরপুর সদর থানার রামদাসপুর পুলিশ ক্যাম্পের উপপরিদর্শক (এসআই) অনুপ কুমার দাস জানান, সীমান্ত এলাকা থেকে গাঁজা সংগ্রহ করে মাইক্রোবাসটি অত্যন্ত দ্রুতগতিতে গন্তব্যে যাচ্ছিলো। পথে নিয়ন্ত্রণ হারিয়ে সেটি ওই বাড়িতে ঢুকে পড়ে।

তিনি আরও জানান, ঘটনাস্থল থেকে দেড় কেজি গাঁজা ও দুর্ঘটনাকবলিত মাইক্রোবাসটি জব্দ করা হয়েছে। আটক বিপ্লবের বিরুদ্ধে মাদক পাচারের অভিযোগে মামলা দায়েরের প্রস্তুতি চলছে। এই ঘটনার সঙ্গে আর কারা জড়িত, তা খুঁজে বের করতে পুলিশ তদন্ত শুরু করেছে।

গাংনীতে মবেল কিনলেই ট্যাংকভর্তি তেলের অফার, পাম্প মালিকে জরিমানা

মবেল (ইঞ্জিন অয়েল) কিনলেই ট্যাংকভর্তি পেট্রোল বা অকটেন দেওয়ার প্রলোভন দেখিয়ে তেল বিক্রির অভিযোগে মেহেরপুরের গাংনী উপজেলার

একটি ফিলিং স্টেশন মালিককে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার (২৮ এপ্রিল) দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলার বামন্দী কিবরিয়া ফিলিং স্টেশনে এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে ৫ হাজার টাকা জরিমানা করা হয় পাম্প মালিক গোলাম কিবরিয়ার।

স্থানীয় সূত্রে জানা যায়, এক লিটার মবেল কিনলে ট্যাংকি ফুল তেল এমন আকর্ষণীয় অফার দিয়ে পেট্রোল ও অকটেন বিক্রি করা হচ্ছিল। বিষয়টি সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে উপজেলা প্রশাসনের নজরে আসে।

পরে গাংনী উপজেলা প্রশাসনের নির্বাহী কর্মকর্তা ও ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আনোয়ার হোসেন ঘটনাস্থলে গিয়ে অভিযোগের সত্যতা নিশ্চিত করেন।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, এ ধরনের অফার মূলত ভোক্তাদের বিভ্রান্ত করা এবং প্রচলিত আইন লঙ্ঘনের শামিল। তাই এ অপরাধে পাম্প মালিকের কাছ থেকে জরিমানা আদায় করা হয়েছে।

উপজেলা প্রশাসন জানায়, জনস্বার্থে এ ধরনের অবৈধ কার্যক্রমের বিরুদ্ধে অভিযান অব্যাহত থাকবে।

মেহেরপুরে মাদক মামলায় একজনের যাবজ্জীবন কারাদণ্ড

মেহেরপুরে মাদক মামলায় রানা আহমেদ (২৬) নামের এক মাদক ব্যবসায়ীকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।

মঙ্গলবার (২৮ এপ্রিল) দুপুরে মেহেরপুর জেলা ও দায়রা জজ মো. গোলাম কবির এ রায় ঘোষণা করেন। একই সঙ্গে তাকে ৫০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ড দেওয়া হয়েছে। মামলার অপর দুই আসামি সাইফুল ইসলাম ও রুহুল আমিনকে খালাস প্রদান করা হয়েছে।

দণ্ডিত রানা আহমেদ মেহেরপুরের গাংনী উপজেলার ছাতিয়ান হাওড়াপাড়া

গ্রামের হামিদুল হকের ছেলে।

মামলার বিবরণে জানা যায়, ২০২০ সালের ২৯ এপ্রিল রাত দেড়টার দিকে গাংনী উপজেলার হাড়াভাঙ্গা সেন্টারবাজার এলাকায় একটি ড্রাম ট্রাকে তল্লাশি চালিয়ে ৬৩৯ বোতল ফেন্সিডিলসহ রানা আহমেদকে আটক করে পুলিশ। এ সময় ট্রাক থেকে অপর দুই আসামি সাইফুল ইসলাম ও রুহুল আমিন পালিয়ে যায়।

পরদিন তিনজনকে আসামি করে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়। মামলার প্রাথমিক তদন্ত শেষে তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার এসআই আব্দুল হক আদালতে অভিযোগপত্র দাখিল করেন।

মামলার নথিপত্র পর্যবেক্ষণ, শুনানি ও সাক্ষ্যপ্রমাণ পর্যালোচনা শেষে আদালত রানা আহমেদকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ৫০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ৬ মাসের কারাদণ্ডাদেশ দেন। একইসঙ্গে অপর দুই আসামিকে খালাস প্রদান করা হয়।মামলায় রাষ্ট্রপক্ষে পাবলিক প্রসিকিউটর নজরুল ইসলাম এবং আসামিপক্ষে রানা আহমেদের পক্ষে অ্যাডভোকেট কে এম নুরুল হাসান রঞ্জু, সাইফুল ইসলামের পক্ষে অ্যাডভোকেট এস এম আমানুল্লাহ আল আমান ও রুহুল আমিনের পক্ষে অ্যাডভোকেট আতাউল হক আইনজীবীর দায়িত্ব পালন করেন।